

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.৪৭৮

তারিখ: ২৪ কার্তিক ১৪২৫

০৮ নভেম্বর ২০১৮

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-১৩৪/২০১৬ (রিট পিটিশন নং-১০১২১/২০১৫ হতে উদ্ভূত) এর আদেশ বাস্তবায়ন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.৫৭১.২০১৬-১১০৪/৩, তারিখ: ০২.১০.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ফতোয়াবাদ গাউছিয়া তৈয়বিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: রফিকুল ইসলাম তার প্রতিষ্ঠানকে এম.পি.ও ভুক্ত করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০১২১/২০১৫ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ প্রদান করেন। উক্ত আদেশ মোতাবেক শিক্ষা মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-১৩৪/২০১৬ দায়ের করেন। কনটেম্পট মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে বিবাদী করে রুল জারী করে।

২.০ এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন হওয়ায় কনটেম্পট পিটিশন নং-১৩৪/২০১৬ এর রুলের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১০১২১/২০১৫ এর আদেশ দ্রুত বাস্তবায়ন পূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৮-১১-২০১৮

মোঃ কামরুল হাসান  
উপসচিব

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা  
মন্ত্রণালয়, ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.৪৭৮/১(৩)

তারিখ: ২৪ কার্তিক ১৪২৫

০৮ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।



৳-১১-২০১৳

মোঃ কামরুল হাসান  
উপসচিব